তারিখ 14 DEC 2015
পৃষ্ঠা ১৭ কলাম ৬

যুগান্তর

# ইবি ভিসির বাসভবন লক্ষ্য করে বোমা নিক্ষেপ

**ইবি প্রতিনিধি**

ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. আবদুল হাকিম সরকারের বাসভবন লক্ষ্য করে রোববার রাতে বোমা নিক্ষেপ করেছে দুর্বৃত্তরা। প্রত্যক্ষদর্শী ও ভিসি অফিস সূত্রে জানা যায়, রোববার রাত ৯টার দিকে ভিসির বাসভবন লক্ষ্য করে বোমা নিক্ষেপ করে দুর্বৃত্তরা। এ সময় ভিসির বাংলোতে প্রায় অর্ধশত শিক্ষক অবস্থান করছিলেন বলে জানা গেছে। বোমার বিকট শব্দে ক্যাম্পাসে আতংক ছড়িয়ে পড়ে।